গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯।
www.btv.gov.bd

## জুলাই ২০২৬ খ্রি. মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | : | ৩০ জুলাই ২০২৬ খ্রি. |
| সময় | : | দুপুর ০২:৩০ টায় |
| স্থান | : | সদর দপ্তর ভবনের সভাকক্ষ |
| সভাপতি | : | মহাপরিচালক |
| উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে জুন ২০২৬ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>ক্রম:</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>০১.</td><td>ঢাকা কেন্দ্রের সম্প্রচার ২৪ ঘন্টা</td><td>বিদ্যমান জনবল কাঠামো ও লজিস্টিকস দিয়ে ডিউটি রোস্টার হালনাগাদ করে বিটিভিসহ বিটিভি নিউজ নিরবচ্ছিন্নভাবে আগস্ট ২০২৬ মাস হতে ২৪ ঘন্টা সম্প্রচার চালু রাখার জন্য প্রয়োজনীয় সুপারিশ দাখিলের নিমিত্ত নিম্নে কমিটি গঠন করা হলো:
<table>
<tr><th>ক্রমিক</th><th>নাম ও পদবি</th><th>কমিটিতে অবস্থান</th></tr>
<tr><td>০১.</td><td>উপমহাপরিচালক (অনুষ্ঠান)</td><td>আহ্বায়ক</td></tr>
<tr><td>০২.</td><td>পরিচালক (অনুষ্ঠান ও পরিকল্পনা)</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৩.</td><td>জেনারেল ম্যানেজার, ঢাকা কেন্দ্র</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৪.</td><td>জেনারেল ম্যানেজার, চট্টগ্রাম কেন্দ্র</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৫.</td><td>জনাব মাহবুবা ফেরদৌস, অনুষ্ঠান নির্বাহী</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৬.</td><td>জনাব মোঃ আরিফুল হাসান,কন্ট্রোলার/ইঞ্জিনিয়ারিং ম্যানেজার</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৭.</td><td>জনাব সাহরিয়ার মোহাম্মদ হাসান, কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার (চ:দা:)</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৮.</td><td>জনাব আব্দুর রাজ্জাক তরফদার, উপস্থাপন সম্পাদক</td><td>সদস্য-সচিব</td></tr>
</table>
গঠিত কমিটি আগামী ০৭ (সাত) দিনের মধ্যে মহাপরিচালক বরাবর সুপারিশসহ প্রতিবেদন দাখিল করবেন।</td><td>কমিটির সদস্যবৃন্দ</td></tr>
<tr><td>০২.</td><td>Fresh অনুষ্ঠান সম্প্রচার</td><td>জুলাই-সেপ্টেম্বর প্রান্তিকে ০৮ ঘন্টার Fresh অনুষ্ঠান অন্তর্ভুক্ত করে ২৪ ঘন্টার প্রচারসূচি প্রণয়ন করতে হবে।</td><td>উপমহাপরিচালক (অনুষ্ঠান)<br>জেনারেল ম্যানেজার ঢাকা কেন্দ্র</td></tr>
<tr><td>০৩.</td><td>অনুষ্ঠান নির্মাণ ও সম্প্রচারের জন্য অনুমোদন গ্রহণ</td><td>অনুষ্ঠান নির্মাণ ও সম্প্রচারের জন্য আবশ্যিকভাবে কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে। অনুমোদন ব্যতীত কোনো ধরণের অনুষ্ঠান প্রচারিত হলে সংশ্লিষ্ট প্রযোজক ও কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার দায়ী থাকবেন।</td><td></td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম:</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>২৬.</td><td>বিজ্ঞাপন প্রচার সংক্রান্ত</td><td>ক) সরকারি দপ্তরের প্রচারিত বিজ্ঞাপনসমূহের ক্ষেত্রে বিটিভির বিদ্যমান রেটকার্ড অনুযায়ী অর্থ দাবী করে বিল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট পাঠাতে হবে।<br>খ) সোশ্যাল মিডিয়ার জন্য প্রণীত রেটকার্ড সরকার কর্তৃক অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>গ) বিটিভি নিউজ চ্যানেলের জন্য বিজ্ঞাপনের রেটকার্ড অনুযায়ী বিজ্ঞাপন সংগ্রহ করতে হবে।<br>ঘ) বিজ্ঞাপন এজেন্সী তালিকাভুক্তি নীতিমালা সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>পরিচালক (বিজ্ঞাপন)</td></tr>
<tr><td>২৭.</td><td>ফিফা বিশ্বকাপ-২০২৬ সম্প্রচারে সম্পৃক্তদের সংবর্ধনা</td><td>ফিফা বিশ্বকাপ ২০২৬ সম্প্রচার কাজে সম্পৃক্তদের ক্রেস্ট ও সম্মাননা প্রদানের লক্ষ্যে সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করার জন্য নিম্নরূপভাবে কমিটি গঠন করা হলো:
<table>
<tr><th>ক্রমিক</th><th>নাম ও পদবি</th><th>কমিটিতে অবস্থান</th></tr>
<tr><td>০১.</td><td>উপমহাপরিচালক (প্রশাসন ও অর্থ)</td><td>আহ্বায়ক</td></tr>
<tr><td>০২.</td><td>উপমহাপরিচালক (অনুষ্ঠান)</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৩.</td><td>জেনারেল ম্যানেজার, ঢাকা কেন্দ্র</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৪.</td><td>মুখ্য বার্তা সম্পাদক</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৫.</td><td>জনাব মো: মনিরুল ইসলাম, সিনিয়র ইঞ্জিনিয়ার (চ:দা:)</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৬.</td><td>পরিচালক (ইন্টারন্যাশনাল রিলেশন ফরেন প্রোগ্রাম এন্ড লিয়াজোঁ)</td><td>সদস্য-সচিব</td></tr>
</table>
<u>কার্যপরিধি:</u><br>গঠিত কমিটি মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী ও তথ্য উপদেষ্টার উপস্থিতি নিশ্চিতপূর্বক অনুষ্ঠানসূচি প্রণয়ন করবেন। অনুষ্ঠানসূচি প্রণয়ন করে আগামী ০১ (এক) সপ্তাহের মধ্যে মহাপরিচালকের নিকট উপস্থাপন করবেন।</td><td>কমিটির সদস্যবৃন্দ</td></tr>
</table>

০৩। আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মো: মাহবুবুল আলম
মহাপরিচালক
ফোনঃ ৫৫১৩২২২২ (অফিস)
ই-মেইল: dg@btv.gov.bd